উপজেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
www.moulvibazarsadar.moulvibazar.gov.bd

## মৌলভীবাজার সদর উপজেলা পরিষদের জুলাই/২০২৪ খ্রি. মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মো: কামাল হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
সভার তারিখ : ১৫ জুলাই ২০২৪
সময় : বেলা ১১ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। তিনি ২৪ জুন ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুন/২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর জুন ২০২৪ মাসে নির্ধারিত কমিটিসমূহের সভা অনুষ্ঠানের কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। জুন ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার তথ্য পর্যালোচনায় যাদের কমিটির মধ্যে যে সকল কমিটির সভা অনুষ্ঠিত হয়নি সে সকল কমিটির সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী প্রেরণ এবং পরবর্তীতে যথা সময়ে নিয়মিত সভা অনুষ্ঠানের জন্য সকল কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করা হয়। সভায় জুন ২০২৪ মাসের কার্যক্রম সম্পর্কে বিভাগওয়ারী আলোচনা এবং অনুষ্ঠিত কমিটিসমূহের সভার কার্যবিবরণী পর্যালোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান,<br>১. ১/৬/২০২৪ খ্রি. জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী শিশুদেরকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়। সফলভাবে ক্যাম্পেইন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল বিভাগকে ধন্যবাদ জানানো হয়।<br>২. [illegible] বর্তমান বন্যা পরিস্থিতি মোকাবেলায় ১৩ টি মেডিকেল টিম গঠন করা হয়েছে। বন্যা উপদ্রুত ইউনিয়নসমূহের আশ্রয় কেন্দ্রসমূহে মেডিকেল টিমের মাধ্যমে প্রতিদিন প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হচ্ছে। খলিলপুর [illegible] উচ্চ বিদ্যালয়, মনুমুখ পিটি বহুমুখী উচ্চ বিদ্যালয় এবং আখাইলকুড়া ইউনিয়নের বন্যা আশ্রয় কেন্দ্রে মোবাইল মেডিকেল টিমের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করা হয়। মোট ৫৭২ জন রোগী এবং ৪ জন গর্ভবতী মহিলাকে সেবা দেয়া হয়।<br>৩. কমিউনিটি ক্লিনিকসমূহে সাধারণ রোগীদের স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি ০১(এক)টি করে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। মা ও শিশু স্বাস্থ্য বিষয়ে সচেতনতামূলক আলোচনা হয়।<br>৪. ২৮ টি কমিউনিটি ক্লিনিকে মা ও শিশু স্বাস্থ্যসহ সীমিত নিরাময় রোগের চিকিৎসা সেবা অব্যাহত আছে।<br>৫. ২৮৮ টি ইপিআই টিকাদান কেন্দ্রে টিকাদান সেশন অব্যাহত আছে। | নিয়মিত মা সমাবেশ ও উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান,<br>১। চলমান বর্ষা মৌসুমে অবাধে মা মাছ না মারার জন্য হাওর এলাকার পার্শ্ববর্তী গ্রামসূহে প্রচার প্রচারনা চালানো হচ্ছে। পোনা মাছ না মারার বিষয়ে গ্রাম্য বাজারসমূহে প্রচারনা চালানো হচ্ছে।<br>২। বিল নার্সারী স্থাপন কার্যক্রম বাস্তবায়নাধীন।<br>৩। অফিস ও মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের মাছচাষের উপর পরামর্শ প্রদানের কার্যক্রম চলমান। | মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের মাছচাষের উপর পরামর্শ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৩ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান,<br>১। খাদ্যশস্যের মজুদ : বর্তমানে মৌলভীবাজার সদর এলএসডিতে ৯২৯ মে.টন চাল, ৫২২ মে:টন গম ও ২৩৬ মে: টন ধান মজুদ আছে। চাহিদানুযায়ী খাদ্যশস্যের মজুদ সন্তোষজনক।<br>২। টিসিবি কার্যক্রম : টিসিবি কার্যক্রমের আওতায় খাদ্য বিভাগ হতে কার্ড প্রতি ৫কেজি হারে চাল সরবরাহ করা হচ্ছে। জুলাই/২০২৪ মাসের বরাদ্দকৃত চাল বিতরণ চলছে।<br>৩। খাদ্যবান্ধব কর্মসূচি : এ কর্মসূচির আওতায় পূর্বে যাচাই হতে বাদ পড়া মোট ১১৭ জন ভোক্তার স্থলে ৭২ জন নতুন ভোক্তা যাচাই সম্পন্ন হয়েছে। ০৬টি ইউনিয়ন হতে নতুন ভোক্তার তালিকা পাওয়া যায়নি। ৩১.০৭.২০২৪ এর মধ্যে ভোক্তা অন্তর্ভূক্তির কাজ শেষ করতে হবে।<br>৪। আভ্যন্তরীন বোরো সংগ্রহ, ২০২৪ : এ কর্মসূচির আওতায় ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১২৭৪ টন এর স্থলে ২৬৩ মে.টন ধান সংগ্রহ করা হয়েছে। এছাড়া আতপ চালের লক্ষ্যমাত্রা ৭৫ মে.টন এর স্থলে ৭৫ মে.টন সংগ্রহ করা হয়েছে। সংগ্রহ কার্যক্রম ৩১.০৮.২০২৪ খ্রি: পর্যন্ত। | উপকারভোগীদের মাঝে সঠিকভাবে চাল বিতরণ করা হচ্ছে কিনা এ বিষয়ে মনিটরিং করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান,<br>সারের বরাদ্দ ও বিক্রয় মূল্য নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এ কার্যালয়ের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সারের মূল্য তালিকা লালসালু কাপড়ে টানানো ও সঠিক দামে বিক্রয় হচ্ছে কিনা সেজন্য নিয়মিত সারের দোকান পরিদর্শন করার সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিসার মৌলভীবাজার সদর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান<br>এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জনাব মনোরমা দেবী জানান,<br>এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭ | উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী জনাব মো: আলমগীর চৌধুরী জানান<br>(১) ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উন্নয়ন সহায়তা (রাজস্ব উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পের তালিকা ( বার্ষিক কর্মপরিকল্পনা ) প্রস্তুতির কার্যক্রম চলমান। | ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উন্নয়ন সহায়তা (রাজস্ব | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পের তালিকা ( বার্ষিক কর্মপরিকল্পনা ) দ্রুত প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার এবং উপজেলা প্রকৌশলী |
| | | (২ ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ১৯,৯৯,৯৮৯/- টাকা ব্যয়ে মৌলভীবাজার সদর উপজেলার আভ্যন্তরীন আরসিসি রাস্তা নির্মাণ ( পার্ট-১, পার্ট-২, পার্ট-৩, পার্ট-৪) এর অনুমোদন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০. ০৪৫.১৮.০৮৮.২০.০৯, তারিখ : ০৯.০৭.২০২৪ এর মাধ্যমে পাওয়া গিয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | অনুমোদিত বরাদ্দ মোতাবেক উপজেলা পরিষদের আভ্যন্তরীন রাস্তার আরসিসি কাজ সদ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | -ঐ- |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান<br>এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৯ | উপজেলা প্রানি সম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা জানান,<br>(১)খামারি পর্যায়ে গবাদি পশু ও পোলট্রির খাবারের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে যাতে খামারীরা স্বল্প খরচে খামার পরিচালনা করে লাভবান হতে পারেন সেজন্য খামার পর্যায়ে পরামর্শ প্রদান এবং উঠান বৈঠক জোরদার করা হয়েছে।<br>(২)সংক্রামক রোগ নিয়ন্ত্রণে মাঠপর্যায়ে বিনামূল্যে ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা ও গবাদি পশুর লাম্পি স্কিন ডিজিজ সম্পর্কে উঠান বৈঠক অব্যাহত রয়েছে। | খামার পর্যায়ে পরামর্শ প্রদান ও উঠান বৈঠক নিয়মিত অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান<br>এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশনে মৃত ও নিরুদ্দেশ উপকারভোগীর পরিবর্তে প্রতিস্থাপন দ্রুততম সময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা বিএডিসি (ক্ষুদ্রসেচ) বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | ভরাট খালসমূহ খননের নিমিত্তে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে উপস্থিত প্রতিনিধি জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২৩-২৪ অর্থবছরে ৮১.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং এ অর্থবছরে ৮৫.০৩ লক্ষ টাকা আদায় করা হয়েছে । ক্রম পুঞ্জিভুত ঋণ আদায়ের হার ৯১%। ক্রম পুঞ্জিভুত খেলাপী ঋণ ১৭০.৬০ লক্ষ টাকা । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | খেলাপী ঋণ আদায়ে আরো সচেতন হওয়ার পরামর্শ দেয়া হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ জানান, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় পানির উৎস তদারকি কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা এর প্রতিনিধি জানান<br>১. জাতীয় পরিচয়পত্র সেবা কার্যক্রম : জাতীয় পরিচয়পত্র সংশোধন, হারানো কার্ড উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।<br>২. স্মার্ট কার্ড বিতরণ : ২০১৬ সালের পূর্বে নিবন্ধিত ভোটারদের স্মার্ট কার্ড বিতরণ প্রতি বৃহস্পতিবার সকাল ০৯.০০ টা হতে ০১.০০ টা পর্যন্ত বিতরণ করা হচ্ছে।<br>৩. নতুন ভোটার নিবন্ধন কার্যক্রম : নতুন ভোটার নিবন্ধন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে ( প্রবাসীদের অগ্রাধিকার ভিত্তিতে ভোটার নিবন্ধন করা হচ্ছে )। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৯ | বিদ্যুৎ বিভাগ | ০১। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের সাথে সাথে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করত: ভাংগা খুটি/দুর্বল খুটি পরিবর্তন, পোল সোজাকরণ, কাট আউট পরিবর্তন, ট্রান্সফরমারে সঠিকমানের ফিউজ স্থাপনসহ সকল জরুরী কাজ চলমান আছে। এছাড়া এনালগ মিটার পরিবর্তন করে ডিজিটাল মিটার স্থাপনের কাজ চলমান আছে।<br>০২। বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি সম্পর্কে উঠান বৈঠক এবং গণশুনানী কর্মসূচির মাধ্যমে গ্রাহকদের নিয়মিত অবহিতকরণ, নিরাপদ বিদ্যুৎ ব্যবহার ও সাশ্রয়ী বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধ করার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২১ | ইসলামিক ফাউন্ডেশন | ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার সদর অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২২ | মন্দির ভিত্তিক শিক্ষা | সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম সম্পর্কে কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩ | তথ্য আপা | তথ্য আপা জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য আপা, মৌলভীবাজার সদর |
| ২৪ | স্থানীয় সরকার বিভাগ : উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), মৌলভীবাজার সদর জানান, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ১ম পর্যায় হতে ৬ষ্ঠ পর্যায় পর্যন্ত গৃহীত প্রকল্পসমূহ নিয়মিত মনিটরিং করার জন্য সভায় আলোচনা করা হয়। | "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ১ম পর্যায় হতে ৬ষ্ঠ পর্যায় পর্যন্ত গৃহীত প্রকল্পসমূহ নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প |
| ২৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম সম্পর্কে কোন বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অ:দা:) জানান, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অ:দা:) |
| ২৭ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ২৮ | আইসিটি বিভাগ | সহকারী প্রোগ্রামার (আইসিটি অফিসার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯ | উপজেলা পরিষদের যানবাহন মেরামত খাতে ব্যয় | ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে যানবাহন মেরামত খাতে সর্বোচ্চ ব্যয়সীমা এর অতিরিক্ত ৬৭/- (সাতষট্টি ) টাকা ব্যয় করা হয়েছে মর্মে সভায় জানানো হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থবছরের যানবাহন মেরামত খাতের ব্যয়ের সাথে উক্ত অর্থ সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি সকল দপ্তর প্রধানদের পরিষদের মাসিক সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য এবং সরকারি সকল কর্মসূচি বহুল প্রচার করার জন্য সকলকে অনুরোধ জানান । এছাড়া সভাপতি উপজেলা পরিষদের আওতায় বাস্তবায়িত সকল উন্নয়নমূলক কাজের গুণগত মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। অধিকন্তু উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করে কার্যবিবরণী যথা সময়ে কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

স্বাক্ষরিত/=
( মো: কামাল হোসেন )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

স্মারক নম্বর-৪৬.৬ .৫৮৭৪.০০২.০১.০২১.১৯, ৪৯ (৫০) তারিখ: ২৪ জুলাই ২০২৪

অনুলিপি : সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় )
০১। মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-৩।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার ।
০৬। উপ পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭। মেয়র, মৌলভীবাজার পৌরসভা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার।
অবগতি ও কার্যার্থে
০৯। উপজেলা ---- -----------------------------কর্মকর্তা (সকল) মৌলভীবাজার ।
১০। উপ-মহা ব্যবস্থাপক, পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার।
১১। চেয়ারম্যান --- -----------------------------(সকল) ইউ.পি, মৌলভীবাজার ।

২৪।০৭।২০২৪
( নাসরিন চৌধুরী )
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
☎০২৯৯৬৬৮৩৮৬২
ই-মেইল unomoulvibazar@mopa.gov.bd

# উপজেলা মাসিক সাধারণ সভার উপস্থিতির স্বাক্ষর

তারিখ : ১৫/০৭/২০২৪খ্রি.

| ক্র. নং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ জিল্লুর রহমান | মাননীয় সংসদ সদস্য<br>মৌলভীবাজার-৩ | | |
| ০২ | জনাব ফজলুর রহমান | মেয়র<br>মৌলভীবাজার পৌরসভা | | |
| ০৩ | জনাব আলাউর রহমান | ভাইস চেয়ারম্যান | ০১৭১১৪৬৭৭৪৭ | |
| ০৪ | জনাব শাহীন রহমান | মহিলা ভাইস চেয়ারম্যান | ০১৭১২৬৪৫৩৮৪ | |
| ০৫ | জনাব আবু মিয়া চৌধুরী | চেয়ারম্যান, ১নং খলিলপুর ইউপি | ০১৭৫৫৩৭৩৫৭৭ | |
| ০৬ | জনাব এমদাদ হোসেন | চেয়ারম্যান, ২নং মনুমুখ ইউপি | ০১৭১৩৮১৮৮৪২ | |
| ০৭ | জনাব মো: আপ্তান আলী | চেয়ারম্যান, ৩নং কামালপুর ইউপি | ০১৭১৬৩৭৬০১৭ | |
| ০৮ | জনাব মো: ইমন মোস্তফা | চেয়ারম্যান, ৪নং আপার কাগাবলা ইউপি | ০১৭১২৯৬২২৯৪ | |
| ০৯ | জনাব শেখ মো: বদরুজ্জামান | চেয়ারম্যান, ৫নং আখাইলকুড়া ইউপি | ০১৭১১০৩৩৯২০ | |
| ১০ | জনাব মো: আবু সুফিয়ান | চেয়ারম্যান, ৬নং একাটুনা ইউপি | ০১৭১১০৬৫৮০০ | |
| ১১ | জনাব আখতার উদ্দিন | চেয়ারম্যান, ৭নং চাঁদনীঘাট ইউপি | ০১৭১৫৩৭০৮২৫ | |
| ১২ | জনাব রুবেল উদ্দিন | চেয়ারম্যান, ৮নং কনকপুর ইউপি | ০১৩২২২৯৫৬৫৩ | |
| ১৩ | জনাব সুজিত চন্দ দাশ | চেয়ারম্যান, ৯নং আমতৈল ইউপি | ০১৭১১৫৮৫১২৯ | |
| ১৪ | জনাব আশরাফ উদ্দিন আহমদ | চেয়ারম্যান, ১০নং নাজিরাবাদ ইউপি | ০১৭১৩৩১০১৫৪ | |
| ১৫ | জনাব মো: ইমরান | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) , ১১নং মোস্তফাপুর ইউপি | | |
| ১৬ | জনাব মো: মোশারফ হোসেন | চেয়ারম্যান, ১২নং গিয়াসনগর ইউপি | ০১৭৭০৩১০২৬৩ | |
| ১৭ | জনাব অর্চনা রানী ধর | মহিলা সদস্য, ৫নং আখাইলকুড়া ইউপি | ০১৭২৩৬০১৮০১ | |
| ১৮ | রোশনা বেগম | মহিলা সদস্য, ৮নং কনকপুর ইউপি | ০১৭২৩৭৬০২৪৩ | |
| ১৯ | আশমা বেগম | মহিলা সদস্য , ৬নং একাটুনা ইউপি | ০১৭৯৬৮০৭৯২৬ | |
| ২০ | শিবা রানী | মহিলা সদস্য, ১১নং মোস্তফাপুর ইউপি | ০১৭৬৩৮৮২৩১৬ | |

## উপজেলা মাসিক সাধারণ সভার উপস্থিতির স্বাক্ষর

তারিখ : ১৫/০৭/২০২৪

| ক্র. নং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব নাসরিন চৌধুরী | উপজেলা নির্বাহী অফিসার মৌলভীবাজার সদর | ০১৭৩০০৩১০৭০ | |
| ০২ | জনাব ডা: বর্ণালী দাশ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা | ০১৭১৭৭৯৫২৫৪ | |
| ০৩ | জনাব এস এম নাগিব মাহফুজ | উপজেলা কৃষি কর্মকর্তা | ০১৭১৯০৩৫৬৯৯ | |
| ০৪ | ডা: মো: শাহীনুল হক | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ০১৯১৪০২৬৯১৮ | |
| ০৫ | জনাব সুমন দেবনাথ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ০১৭২২-২১৬০৬০ | |
| ০৬ | জনাব আব্দুস সামাদ মিয়া | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা | ০১৭১১-৯৬৭৬৪৬ | |
| ০৭ | জনাব মনোরমা দেবী | উপজেলা শিক্ষা কর্মকর্তা | ০১৭২৩৮৭৪৬৯৮ | |
| ০৮ | জনাব মো: আলমগীর চৌধুরী | উপজেলা প্রকৌশলী | ০১৭৫১৫৩৬১০৬ | |
| ০৯ | জনাব মো: আজাদের রহমান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ০১৭১৩৬১৭৯৩৯ | |
| ১০ | জনাব রিপন চন্দ্র দাশ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০১৯৫৮-১৪৪৮২০ | |
| ১১ | জনাব বিনয় কুমার দেব | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ০১৭১৮১৩২১১১ | |
| ১২ | জনাব মো: বোরহান উদ্দীন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ০১৭৩১৩৭১৭৪৭ | |
| ১৩ | জনাব মো: হাফিজুল ইসলাম | উপজেলা সমবায় কর্মকর্তা | ০১৭১২-৮৭৫২৬৬ | |
| ১৪ | জনাব শুভ্র সরকার | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | ০১৭৪৩৭৫২৫৪৪ | |
| ১৫ | জনাব মজনু প্রামানিক | উপজেলা রেঞ্জ কর্মকর্তা | ০১৭১০-০৬৬৯৯০ | |
| ১৬ | জনাব তফাজ্জুল হক | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ০১৭১০১৮৬১৫৫ | |
| ১৭ | জনাব মো: জিয়াউদ্দিন | পক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১৭২০৩১৩৭৪৩ | |
| ১৮ | জনাব মো: ওয়াসিফ ইবনে ওয়ালিউর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগযোগ প্রযুক্তি অধিদপ্তর | ০১৭৪৫৩৪৬৭৮৭ | |
| | জনাব মো: জাকির হোসাইন | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) | ০১৭১৭৯১৭১০০ | |
| ১৯ | জনাব মো: সাইফুল ইসলাম | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ০১৭৭৪৭৬৬৭৬৫ | |

Date :..................................

Page No:..................................

## উপজেলা মাসিক সাধারণ সভার উপস্থিতির স্বাক্ষর (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

তারিখ : ১৫/০৭/২০২৪

| ক্র. নং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২১ | জনাব মো: এমদাদুল হক | উপজেলা নির্বাচন অফিসার | ০১৭১৮-৬০৫১০৬ | |
| ২২ | জনাব মো: জিয়াউল হক | ডিজিএম<br>পল্লী বিদ্যুৎ সমিতি | ০১৭৬৯৪০০১৯৪ | 15.07.24 |
| ২৩ | জনাব নাজমুল হুদা | উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা (UDF), স্থানীয় সরকার বিভাগ | ০১৭১৬৯৬৬৬০০ | 15/07/2024 |
| ২৪ | জনাব জোবায়েদা মরিয়ম | শাখা ব্যবস্থাপক,<br>পল্লী সঞ্চয় ব্যাংক মৌলভীবাজার | ০১৯৩৮-৮৭৯৪৪৬ | |
| ২৫ | জনাব শংকর সূত্রধর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা এর প্রতিনিধি | ০১৭১৭৩৫৯১২৩ | |
| ২৬ | জনাব সেবিন আক্তার চৌধুরী | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা,<br>মৌলভীবাজার সদর | ০১৩১৩৭০৪৩৫১ | Shebin 15/07/24 |
| ২৭ | জনাব মো: জুলফিকার আলী বাবুল | ফিল্ড সুপারভাইজার<br>ইসলামিক ফাউন্ডেশন | ০১৭৩১-৬৭৫৪১১ | |
| ২৮ | জনাব সুভাষ চন্দ্র সরকার | সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিশু গণশিক্ষা কার্যক্রম, ধর্মীয় কল্যান ট্রাষ্ট | ০১৭৩৮৬৯৩৩৬৯ | |
| ২৯ | জনাব মো: শহীদুল ইসলাম | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | ০১৭১৭-৭০৭২৭৯ | |
| ৩০ | জনাব মো: নৌসাদ আলী | উপজেলা সমন্বয়কারী<br>গ্রাম আদালত | ০১৭২৯৫৮৫১৫৭ | |
| ৩১ | ডা. টপি বেগম | উপজেলা মেডিকেল অফিসার ([illegible] থেরাপি) | 01761731807 | Toppy 15.07.24 |
| ৩২ | | | | |
| ৩৩ | | | | |